প্রথম আলো

MAR. 30 2001

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# ১১৬৯টি শিক্ষা প্রতিষ্ঠান এমপিও ভুক্ত হয়েছে

নিজস্ব প্রতিবেদক

২০০১ সালে ১ হাজার ১৬৯টি বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারীকে সরকারি বেতনভুক্ত (এমপিও) করার সরকারি আদেশ জারি করা হয়েছে। ইতিমধ্যে এ আদেশ সকল জেলা শিক্ষা অফিসার ও প্রতিষ্ঠানের কাছে পাঠানো হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত কোনো আদেশের কপি পাওয়া যাবে না বলে মন্ত্রণালয় সূত্রে জানা গেছে।

সরকারি বেতনভুক্ত (এমপিও) হওয়া এসব প্রতিষ্ঠানের মধ্যে ১৩৬টি কলেজ, ২৭১টি মাদ্রাসা, ৩২৬টি নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ও ৪৩৬টি মাধ্যমিক বিদ্যালয় রয়েছে।

এদিকে এ বছরের জন্য নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষক-কর্মচারীদের নিয়োগ সংক্রান্ত চাহিদা ও সরকারি আদেশে বর্ণিত তথ্যাবলিসহ প্রয়োজনীয় কাগজপত্র আগামী ৯ এপ্রিলের মধ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক বরাবর পাঠানোর নির্দেশ দেওয়া হয়েছে।